ঈদে মিলাদুন্নবী (সাঃ) পালন করেছে দেওয়ান ফরিদ গাজী স্মৃতি সংসদ

চেম্বার ডেস্ক::

ঈদে মিলাদুন্নবী (সাঃ) উপলক্ষে দেওয়ান ফরিদ গাজী স্মৃতি সংসদ নবীগঞ্জ উপজেলা শাখার উদ্যোগে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বাদ এশা হযরত শাহজালাল (রহঃ) দরগাহ্ মসজিদে এ দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।

দেওয়ান ফরিদ গাজী স্মৃতি সংসদ নবীগঞ্জ উপজেলা শাখার সভাপতি মুহিতুর রহমান রনি’র আয়োজনে দোয়া ও মিলাদ মাহফিলে অন্যান্যর মাঝে স্মৃতি সংসদ নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন সাবেক ছাত্রনেতা শাহিন আহমেদ, নুরুল ইসলাম ইকবাল, সেকুল মিয়া, নাঈম আহমেদ সহ মুসল্লিয়ান বৃন্দ।

দোয়া ও মিলাদ মাহফিল পরিচালনা করেন মাওলানা বিলাল আহমেদ।